



(পুনঃ বিজ্ঞপ্তি)

ঢাকা বিশ্ববিদ্যালয় : ক্রিমিনোলজি বিভাগের ০১ (এক)টি স্থায়ী সহকারী অধ্যাপকের শূন্য পদ পূরণের জন্য এবং ০১ (এক)টি স্থায়ী প্রভাষকের শূন্য পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দপ্তর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশি নাগরিকদের নিকট হতে পুনঃ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল : সহকারী অধ্যাপক পদে ৩৫,৫০০-৬৭,০১০/- টাকা এবং প্রভাষক পদে ২২,০০০-৫৩,০৬০/- টাকা (জাতীয় বেতন স্কেল ২০১৫)।

সহকারী অধ্যাপক পদের যোগ্যতা : প্রার্থীদের অবশ্যই কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ক্রিমিনোলজি/সমাজবিজ্ঞান/নৃবিজ্ঞান বিষয়ে বিএসএস (সম্মান) এবং এমএসএস পরীক্ষার উভয়টিতে প্রথম বিভাগ অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে এবং এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় প্রথম বিভাগ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। কোন বিশ্ববিদ্যালয়ে তাঁদের কমপক্ষে ০৩ (তিন) বৎসরের শিক্ষাদানের অভিজ্ঞতাসহ স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় কমপক্ষে ০৩ (তিন)টি প্রকাশিত প্রবন্ধ থাকতে হবে। Predatory journal-এ প্রকাশিত কোন প্রকাশনা গ্রহণ করা হবে না। শিক্ষক হিসেবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। অন্যান্য যোগ্যতা সমান থাকলে পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

প্রভাষক পদের যোগ্যতা : প্রার্থীদের অবশ্যই ক্রিমিনোলজি বিষয়ে বিএসএস (সম্মান) এবং এমএসএস পরীক্ষার উভয়টিতে প্রথম শ্রেণী অথবা সিজিপিএ এর ক্ষেত্রে ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০সহ এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। তবে অনার্স অথবা মাস্টার্স পরীক্ষায় প্রথম শ্রেণিতে প্রথম স্থান/সর্বোচ্চ সিজিপিএ অধিকারী প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি অথবা এইচএসসি পরীক্ষায় জিপিএ এর শর্ত শিথিলযোগ্য। অন্যান্য যোগ্যতা সমান থাকলে উচ্চতর ডিগ্রীধারীদের অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ৮ (আট) কপি দরখাস্ত রেজিস্ট্রারের নিকট পৌঁছাতে হবে। প্রত্যেক কপি দরখাস্তের সহিত সার্টিফিকেট, প্রশংসাপত্র, মার্কশিট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে। দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ১২/১২/২০২১। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে। সহকারী অধ্যাপক ও প্রভাষক পদে পূর্বে যারা আবেদন করেছে তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।